দৈনিক ইনকিলাব

তারিখ 16 MAR 1987
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...



তথ্য ও পরিসংখ্যান শাখা
ডকুমেন্টেশন কেন্দ্র

# উপজেলা পরিক্রমা

## গৌরনদী

বরিশাল, ১৫ মার্চ (সংবাদদাতা)।— বরিশালের ২০ মাইল উত্তরে ৬০ বর্গমাইল জায়গা জুড়ে ঐতিহ্যবাহী গৌরনদী উপজেলা। ৭টি ইউনিয়নের ১১৯টি গ্রামে ৩৩ হাজার পরিবারে ১ লাখ ২৮ হাজার ৪শ' ২৫ জন লোক বাস করছে। গৌরনদীর ইতিহাস থেকে এ উপজেলার নামকরণ সম্পর্কে জানা যায়, আড়িয়াল খাঁ নদীর গৌরবর্ণ পানি এখানকার নদী দিয়ে প্রবহমান বলে নামকরণ হয়েছে 'গৌরনদী'।

### কৃষি

উপজেলার মোট কৃষি জমির পরিমাণ ৩৭ হাজার ১শ' ৪০ একর। এর মধ্যে চাষোপযোগী জমির পরিমাণ ২৩ হাজার ৫শ' ৭১ একর। খাস জমির পরিমাণ ৩২ একর। জমির দাগের সংখ্যা ৯১ হাজার ৬শ' ২৮।

### শিক্ষা

এ উপজেলায় রয়েছে ২টি কলেজ (১টি সরকারী), ১টি কামেল আলিয়া মাদ্রাসা, ১টি সংস্কৃত কলেজ, ১টি হোমিও কলেজ, ১৫টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, ৮০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৪টি জুনিয়ার হাই স্কুল এবং ২৮টি মাদ্রাসা। এসব প্রতিষ্ঠানের অবস্থা অত্যন্ত করুণ। এগুলোতে আসবাবপত্র, শিক্ষা উপকরণ এবং বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতির তীব্র অভাব রয়েছে।

### স্বাস্থ্য

উপজেলার চিকিৎসা ক্ষেত্রে দারুণ সংকট চলছে। সাবেক গৌরনদী উপজেলার গৈলা হাসপাতাল বর্তমানে আগৈলঝাড়া উপজেলার সীমানায় পড়েছে। এজন্য গৌরনদীতে এখন কোন হাসপাতাল নেই। একটি দাতব্য চিকিৎসালয়কে হাসপাতাল হিসেবে ব্যবহার করা হচ্ছে। এ হাসপাতালে পর্যাপ্ত ওষুধ নেই, নেই সুষ্ঠু পানি সরবরাহ। নেই এক্স-রে মেশিন। এ উপজেলায় অবিলম্বে একটি আধুনিক হাসপাতাল প্রতিষ্ঠা করা প্রয়োজন।

### যোগাযোগ

এ উপজেলার কাঁচা রাস্তা ৮৭ মাইল। পাকা রাস্তা ২০ মাইল। সড়ক ও জনপদের রাস্তা ১৪ মাইল এবং উপজেলা পরিষদের রাস্তা ৬ মাইল। উপজেলার ইউনিয়নগুলো থেকে সদরের সাথে যোগাযোগ রক্ষাকারী সব ক'টি সড়কই কাঁচা। দীর্ঘদিন ধরে সংস্কার ও সংরক্ষণের অভাবে সড়কগুলো চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এছাড়া উপজেলার প্রত্যন্ত অঞ্চলের পুল-কালভার্টগুলোর অবস্থা নিতান্ত করুণ।

### হাট-বাজার

এ উপজেলার হাট-বাজারের সংখ্যা ১৪টি। এগুলো থেকে প্রতি বছর বিপুল পরিমাণ রাজস্ব আয় করা হলেও অধিকাংশ হাট-বাজারের উন্নয়নকল্পে কোনরূপ অর্থ বরাদ্দ করা হচ্ছে না। হাট-বাজারগুলোতে ছাউনি, স্থানাভাব, পয়ঃপ্রণালী, রাস্তা, নর্দমা এবং বিশুদ্ধ খাবার পানির সমস্যা বিরাজ করছে।

### বিদ্যুৎ

এ উপজেলায় নিত্যনৈমিত্তিক বিদ্যুৎ বিভ্রাটের ফলে বিদ্যুৎ গ্রাহকদের দারুণ দুর্ভোগ পোহাতে হচ্ছে। কলকারখানাগুলোতে উৎপাদন ব্যাহত হচ্ছে। এছাড়া বৈদ্যুতিক খুঁটিগুলোতে বাল্ব না থাকায় পথচারীদের দারুণ দুর্ভোগ পোহাতে হয়।

### আবাসিক

দীর্ঘদিন ধরে এখানে আবাসিক সংকট বিরাজ করছে। সরকারী কোয়ার্টারগুলোতে সাকুল্যে ২৫টি পরিবারেরও বাসস্থান সংকুলান হচ্ছে না। অন্যদিকে ভাড়াটে বাড়ীও পাওয়া যাচ্ছে না। ফলে বহিরাগত চাকরিজীবীদের দারুণ দুর্ভোগ পোহাতে হচ্ছে।